তারিখ ... 4 AUG 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ......

কালের কণ্ঠ

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ভর্তি আবেদন শুরু ৭ আগস্ট, পরীক্ষা ১৫ সেপ্টেম্বর থেকে

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তীচ্ছুদের ভর্তির আবেদন প্রক্রিয়া আগামী ৭ আগস্ট দুপুর ২টা থেকে শুরু হবে। অনলাইনের মাধ্যমে এ আবেদন প্রক্রিয়া চলবে ২৯ আগস্ট রাত ১০টা পর্যন্ত। আর ভর্তি পরীক্ষা ১৫ সেপ্টেম্বর শুরু হয়ে ধাপে ধাপে চলবে ২০ অক্টোবর পর্যন্ত।

গতকাল বৃহস্পতিবার সকালে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের সভাকক্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিবিষয়ক সাধারণ ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়েছে।

সভার সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ১৫ সেপ্টেম্বর ব্যবসায় শিক্ষা অনুষদের 'গ' ইউনিটের মাধ্যমে এবারের ভর্তি পরীক্ষার শুরু হবে। এ ছাড়া কলা অনুষদের 'খ' ইউনিটের পরীক্ষা হবে ২২ সেপ্টেম্বর, বিজ্ঞান অনুষদের 'ক' ইউনিটের পরীক্ষা হবে ১৩ অক্টোবর। চারুকলা অনুষদের 'চ' ইউনিটের সাধারণ জ্ঞান অংশের পরীক্ষা হবে ১৬ সেপ্টেম্বর এবং অঙ্কন অংশের পরীক্ষা হবে ২৩ সেপ্টেম্বর। ২০ অক্টোবর সামাজিক বিজ্ঞান অনুষদের অধীনে 'ঘ' ইউনিটের মাধ্যমে শেষ হবে ভর্তি পরীক্ষা।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে সভায় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রমুখ উপস্থিত ছিলেন।

পরীক্ষাসংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে।